

প্রেস বিজ্ঞপ্তি
জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বাজার তদারকিঃ
বিভিন্ন অপরাধে ২৫টি প্রতিষ্ঠানকে ১.০০ লক্ষ টাকা জরিমানা

৫ মে ২০১৬

বাণিজ্য মন্ত্রণালয়ধীন জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বিভাগীয় ও জেলা কার্যালয়ের ৬ জন কর্মকর্তার নেতৃত্বে ঢাকা মহানগর, সিলেট, মৌলভীবাজার ও রাজবাড়ীতে আজ বাজার তদারকি করা হয়।

ঢাকা বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক রিনা বেগমের নেতৃত্বে ঢাকা মহানগরীর বনানী এলাকায় ধার্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে তামাতান রেস্টুরেন্টকে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা ও পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকা এবং মেয়াদ উত্তীর্ণ পণ্য বিক্রয়ের অপরাধে G-7 ডিপার্টমেন্টাল স্টোরকে ১০,০০০/- (দশ হাজার) টাকাসহ মোট ১৫,০০০/- (পনের হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

অন্যদিকে প্রধান কার্যালয়ের সহকারী পরিচালক আব্দুল্লাহ আল মাসুমের নেতৃত্বে ঢাকা মহানগরীর গুলশান এলাকায় ধার্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয় ও অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য-পণ্য তৈরীর অপরাধে খুশবু রেস্টুরেন্টকে ২০,০০০/- (বিশ হাজার) টাকা ও মেয়াদ উত্তীর্ণ পণ্য বিক্রয়ের অপরাধে পূর্ণিমা রেস্টুরেন্টকে ১০,০০০/- (দশ হাজার) টাকাসহ মোট ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

সিলেট বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক এ.এস.এম মাসুম-উদ-দৌল্লা নেতৃত্বে সিলেটের দক্ষিণ সুরমা থানায় ৬টি প্রতিষ্ঠানকে ১৪,০০০/- (চৌদ্দ হাজার) টাকা, সিলেট জেলা কার্যালয়ের সহকারী পরিচালক দেবানন্দ সিনহার নেতৃত্বে সিলেটের দক্ষিণ সুরমা উপজেলা ৫টি প্রতিষ্ঠানকে ১৬,০০০/- (ষোল হাজার) টাকা, মৌলভীবাজার জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ আল আমিনের নেতৃত্বে মৌলভীবাজার সদর উপজেলায় ৪টি প্রতিষ্ঠানকে ৩,৫০০/- (তিন হাজার পাঁচশত) টাকা, রাজবাড়ী জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ ফেরদৌস শিকদারের নেতৃত্বে রাজবাড়ীর বালিয়াকান্দি উপজেলায় ৬টি প্রতিষ্ঠানকে ২২,০০০/- (বাইশ হাজার) টাকাসহ মোট ৫৫,৫০০/- (পঞ্চাশ হাজার পাঁচশত) টাকা অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য-পণ্য তৈরী, পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকা, মেয়াদ উত্তীর্ণ পণ্য বা ঔষধ বিক্রয় এবং বাটখারা বা ওজন পরিমাপক যন্ত্রে কারচুপির অপরাধে জরিমানা আরোপ ও আদায় করা হয়।

আজকের ৬টি বাজার তদারকিতে ২৫টি প্রতিষ্ঠানকে মোট ১,০০,৫০০/- (এক লক্ষ পাঁচশত) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়। তদারকিকালে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে লিফলেট ও প্যাম্পলেট বিতরণ করা হয়েছে। সংশ্লিষ্ট জেলা প্রশাসন, আর্মড পুলিশ ব্যাটালিয়ান, মহানগর পুলিশ ও জেলা পুলিশ, স্যানিটারী ইন্সপেক্টর ও বিএসটিআই কর্মকর্তা এসব তদারকি কার্যে সহায়তা প্রদান করে।

স্বাক্ষরিত/-
(আফরোজা রহমান)
সহকারী পরিচালক

অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। মহাপরিচালক, র‍্যাভ/বিটিভি/বাংলাদেশ বেতার/কৃষি বিপণন অধিদপ্তর/মৎস্য অধিদপ্তর, ঢাকা।
- ২। প্রধান তথ্য কর্মকর্তা, পিআইডি/প্রধান বার্তা সম্পাদক, বাসস, ঢাকা।
- ৩। পুলিশ কমিশনার, ঢাকা ও সিলেট।
- ৪। পরিচালক (নিউজ), বাংলাদেশ বেতার আগারগাঁও, ঢাকা।
- ৫। জেলা প্রশাসক, ঢাকা মহানগর, সিলেট, মৌলভীবাজার ও রাজবাড়ী।
- ৬। পুলিশ সুপার, ঢাকা মহানগর, সিলেট, মৌলভীবাজার ও রাজবাড়ী।
- ৭। সিনিয়র সচিবের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৮। জনসংযোগ কর্মকর্তা, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ৯। অধিনায়ক ১, আর্মড পুলিশ ব্যাটালিয়ান, উত্তরা, ঢাকা।